**লালমাটিয়া মহিলা কলেজ**

লালমাটিয়া, ঢাকা-১২০৭

**২য় মেধা তালিকা**

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

**তারিখ : ০১/১১/২০২১ খ্রি:**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন লালমাটিয়া মহিলা কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ২য় মেধা তালিকা ০১ নভেম্বর বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>athp<space>roll no টাইপ করে 16222 নাম্বরে send করতে হবে) এর মাধ্যমে একই দিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে রাত ৯টা থেকে পাওয়া যাবে। উল্লেখ্য যে, ২য় মেধা তালিকা স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছুক শিক্ষার্থী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ অথবা তৎপূর্বে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ০৮ নভেম্বর ২০২১ খ্রি. তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে ভর্তি বাতিল করতে হবে।

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ২য় মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১ | ২য় মেধা তালিকা স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Professional Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট কপি নিজের কাছে সংরক্ষণ করতে হবে। | ০১/১১/২০২১ থেকে ০৯/১১/২০২১ |
| ২ | ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীরা বিকাশ অ্যাপস এর মাধ্যমে পেমেন্ট সিলেক্ট করে ভর্তি ফরম, প্রসপেক্টাস ফি ও বিকাশ চার্জসহ ৪৫৬/- বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ এর মাধ্যমে পরিশোধ করতে হবে। রেফারেন্স নম্বরের অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের ভর্তি রোল উল্লেখ করতে হবে। অতঃপর www.lalmatiamohilacollege.edu.bd এ ভর্তির লিংকে ক্লিক করে কলেজের নিজস্ব ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম (২য় মেধা তালিকা) ও শিক্ষার্থীর ছবি আপলোড করে সাবমিট করতে হবে। সাবমিট করার ২৪ ঘন্টার মধ্যে শিক্ষার্থীর মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে কলেজের ক্লাস রোল/আইডি জানিয়ে দেওয়া হবে। তারপর বিকাশ অ্যাপস থেকে পে-বিল সিলেক্ট করে প্রতিষ্ঠানে নাম ও শিক্ষার্থীর কলেজের ক্লাস রোল/আইডি নম্বর লিখে বিকাশ এর মাধ্যমে ভর্তির টাকা (১৫৪২০/-) পরিশোধ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ০১/১১/২০২১ থেকে ১০/১১/২০২১ |

এছাড়াও স্বাস্থ্যবিধি মেনে কলেজের প্রশাসনিক ভবনের পশ্চিম পার্শ্বে ১০ নং কাউন্টারে নগদ ৪৫০/- টাকা জমা দিয়ে ভর্তির ফরম ও প্রসপেক্টাস সংগ্রহ করে ১১নং কাউন্টারে উপস্থিত হয়েও ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা যাবে।

ভর্তির সময় পরিশোধ করতে হবে:

| ক্রমিক নং | বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | সেমিস্টার ফি | ১৫০০০/- |
| ২. | অনলাইন ফি | ১২০/- |
| ৩. | কলেজ আইডি/মনোগ্রাম | ২৫০/- |
| ৪ | ব্যবস্থাপনা ফি | ৫০/- |
| | মোট | ১৫,৪২০/- |

**মিড টার্ম ও টেস্ট পরীক্ষার ফি বাবদ ২০০০/- টাকা পরীক্ষার সময় পরিশোধ করতে হবে।**

- ক্যাম্পাসে উপস্থিত হয়ে ভর্তির সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে :
  (ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের মূল কপি।
  (খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি।
  (গ) সদ্য তোলা ৫ (পাঁচ) কপি পাসপোর্ট সাইজের রঙীন ছবি।
  (ঘ) ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ১ম মেধা তালিকার ভর্তি ফরম ও প্রাথমিক আবেদন ফরমের মূল কপি।
- যারা অনলাইনে ভর্তি হবে তাদেরকে কলেজ খুললে সংশ্লিষ্ট বিভাগে উপরোক্ত কাগজপত্র অবশ্যই জমা দিতে হবে।
- ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস চলছে।
- বিস্তারিত জানতে ০১৭১৬৬২৫০২০ নম্বরে ফোন করা যাবে ।

অধ্যক্ষ

লালমাটিয়া মহিলা কলেজ

লালমাটিয়া, ঢাকা।

# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০১৮/২০২১/২৪৫৪ — তারিখ: ২৮/১০/২০২১

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে কোর্সভিত্তিক ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন, ২য় মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন ও ২য় মেধা তালিকা ০১ নভেম্বর ২০২১ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>athp<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে।

উল্লেখ্য যে, ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ অথবা তৎপূর্বে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ০৮ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফরম উত্তোলন করতে হবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Prospectus (Professional)/Important Notice অপশন থেকে জানা যাবে।

বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ২য় মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১। | ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের কোর্স পরিবর্তন হবে তাদের পরিবর্তিত কোর্সের ভর্তি ফরম এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন হলে তার পূর্বের কোর্সের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত কোর্সে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন না হলে তার পূর্বের কোর্সের ভর্তি বহাল থাকবে।<br>ক) কোর্স পরিবর্তনের ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।<br>খ) কোর্স পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না। | ০১/১১/২০২১ থেকে ০৯/১১/২০২১ |
| ২। | ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Professional Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। | ০১/১১/২০২১ থেকে ০৯/১১/২০২১ |
| ৩। | ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে রেজিস্ট্রেশন ফি [ভর্তি নির্দেশিকার অনুচ্ছেদ-১৩ (খ) এ বর্ণিত কোর্সভিত্তিক ধার্যকৃত ফি অনুযায়ী] সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দেয়ার তারিখ: | ০২/১১/২০২১ থেকে ১০/১১/২০২১ |
| ৪। | কলেজ কর্তৃক ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ:<br>কলেজ কর্তৃপক্ষকে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (শিক্ষার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে। | ০২/১১/২০২১ থেকে ১১/১১/২০২১ |
| ৫। | সংশ্লিষ্ট কলেজকে ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফি [ভর্তি নির্দেশিকার অনুচ্ছেদ-১৩ (খ) এ বর্ণিত কোর্সভিত্তিক ধার্যকৃত ফি অনুযায়ী] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রফেশনাল "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ১৪/১১/২০২১ থেকে ১৭/১১/২০২১ |

২৮/১০/২০২১

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯২৯১০৬৮, ই-মেইল- deanug@nubd.info

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০১৮/২০২১/২৪৫৪ — তারিখ: ২৮/১০/২০২১

অনুলিপি ঃ

১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সচিব, ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অফিস কপি

২৮/১০/২০২১

(মো: কামরুল ইসলাম)
উপ-রেজিস্ট্রার (সম্মান)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪